


যুগান্তর

প্রাথমিক শিক্ষকদের আজ পূর্ণদিবস কর্মবিরতি

আন্দোলনকারীদের তালিকা করছে ডিপিই

প্রকাশ : ১৭ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

বেতনের গ্রেড বৈষম্য নিরসনের দাবিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতি অব্যাহত আছে। বুধবার তারা অর্ধদিবস কর্মবিরতি পালন করেন। আজ পূর্ণদিবস কর্মবিরতি করবেন। ২২ অক্টোবরের মধ্যে দাবি পূরণ না হলে পরদিন তারা ঢাকায় মহাসমাবেশ করবেন।

এদিকে মন্ত্রণালয়ের নির্দেশনা অমান্য করে আন্দোলনরত শিক্ষকদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়ার ঘোষণা পুনরায় দেয়া হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদফতর (ডিপিই) বুধবার জানিয়েছে, যারা আন্দোলনে যুক্ত হবেন তাদের বিরুদ্ধে চাকরিবিধি অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা নেয়া হবে। তালিকা করে আন্দোলনকারী শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। জানা গেছে, এর অংশ হিসেবে বুধবার দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে জেলা-উপজেলা শিক্ষা অফিস এবং ডিপিই কর্মকর্তা পরিদর্শন করেন। এ সময় কোথাও কোথাও কর্মবিরতি করার জন্য শিক্ষকদের সঙ্গে ‘খারাপ’ ব্যবহারের অভিযোগ পাওয়া গেছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।